

GOUR MAHAVDYALAYA

DEPARTMENT OF BENGALI

ELECTIVE BRNGALI

201 BNGG C-2

CLASS – 2 UNIT – অলংকার

SUB UNIT - যমক

ONLINE CLASS BY –DR. HARIDAS MANDAL

DATE -09/04/2020

যমক :

যমক শব্দের অর্থ জোড়া। একই শব্দ যখন দুইবার বা তার থেকে বেশিবার উচ্চারিত হয় এবং ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করে তাকে যমক বলে। যেমন-

১. ভারত ভারত খ্যাত আপনার গুণে।

শ্রেণি - যমককে আদি, মধ্য ও অন্ত্য এই শ্রেণিতে ভাগ করা হয়।

১. আদ্যযমক :

১. ভারত ভারত খ্যাত আপনার গুণে।

ব্যাখ্যা - প্রথম ভারত অর্থ - কবি ভারতচন্দ্র, দ্বিতীয় ভারত অর্থ - ভারতবর্ষ

২. কমলা সনে কমলাসনে কমলাপতি বিহর।

ব্যাখ্যা - প্রথম কমলা সনে অর্থ - কমলার সাথে, দ্বিতীয় কমলা সনে অর্থ - পদ্মের আসনে

২. মধ্যযমক :

১. পাইয়া চরণ তরি, তরি ভবে আশা

ব্যাখ্যা - প্রথম তরি অর্থ - নৌকা, দ্বিতীয় তরি অর্থ - উত্তরণ (পার হওয়া)

২. তোর এ দারুণ বিধি, বিধি কে বুঝিতে পারে

ব্যাখ্যা - প্রথম বিধ অর্থ নিয়ম, দ্বিতীয় বিধি অর্থ - বিধাতা

৩. অন্ত্যযমক :

১. ওরে দারুণ বিধি

তোর এ দারুণ বিধি

ব্যাখ্যা - প্রথম বিধি অর্থ - বিধাতা, দ্বিতীয় বিধি অর্থ - নিয়ম

২. দুহিতা আনিয়া যদি না দেহ।

নিশ্চয় আমি ত্যজিব দেহ।

ব্যাখ্যা - প্রথম দেহ অর্থ - দেওয়া, দ্বিতীয় দেহ অর্থ - শরীর

৩. যতো কাঁদে বাছা বলে সর সর

আমি অভাগিনী বলি সর সর।

ব্যাখ্যা - প্রথম সর অর্থ - দুধের সর, দ্বিতীয় সর অর্থ - দূরে যা